**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(নেজারত শাখা)
www.mymensingh.gov.bd

নম্বর: ০৫.৪৫.৬১০০.০১৪.০১১.০০২.২৫- ২৬৭

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩৩ / ১১ মে ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা এর ১৮-০৮-২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৫.১৫-৯৪ নম্বর ও ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৫.১৫-৯৫ নম্বর স্মারকদ্বয়ের ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ এবং ময়মনসিংহ সার্কিট হাউজে নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পাশে বর্ণিত শর্তে ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (https://dcmymensingh.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

### জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এবং এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ১৯ (উনিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ২৫ (পঁচিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী। (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ১৬ (ষোল) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

### সার্কিট হাউজ, ময়মনসিংহ

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | বাবুর্চি (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; (গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | সহকারী বাবুর্চি (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; (গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | বেয়ারার (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ০৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী। (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | মালি (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০); ৮২৫০ -২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ১১-০৫-২০২৬ খ্রি. তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০, সংশোধিত (২০২৪) এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে ।

০৩। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৪। সকল পদের ক্ষেত্রে লিখিত, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's copy);
খ) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;
গ) ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক অথবা তদস্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
চ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;
ছ) বীর মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র;
ঝ) ক্ষুদ্র-নৃগোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;
ট) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২(দুই) কপি।

০৬। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ পরিপত্র/বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

০৯। একজন প্রার্থী শুধু একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে পণ্য হবে।

১১। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১২। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি</u> :

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcmymensingh.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ; সকাল ১০:০০ টা।**

ii) Online-এ আবেদনপত্র জমা দানের শেষ তারিখ ও সময়: **১৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ; বিকাল ৫:০০ টা।**

iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) <u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান</u>: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) ধাপে SMS করে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম ধাপ** SMS: DCMYMENSINGH<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: DCMYMENSINGH ABCDEFG and send to 16222

**দ্বিতীয় ধাপ** SMS: DCMYMENSINGH<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে,
Example: DCMYMENSINGH YES 1234567 and send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcmymensingh.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সংবলিত রঙিন প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট করে নিবেন। প্রার্থী উক্ত প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রে-পেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

* User ID জানা থাকলে: DCMYMENSINGH<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: DCMYMENSINGH Help User ABCDEF and send to 16222

* PIN জানা থাকলে: DCMYMENSINGH<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: DCMYMENSINGH Help PIN 1234567 and send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহের ওয়েবসাইট www.mymensingh.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে এবং https://dcmymensingh.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.mymensingh.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dcmymensingh@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DC Mymensingh, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) অনলাইনে আবেদন এবং আবেদন ফি-এর টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে কোন ভুল ত্রুটি হলে বা প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক প্রদত্ত আবেদনপত্রের সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩/০৫/২৫

মোঃ সাইফুর রহমান
জেলা প্রশাসক
ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬-৬৫৭৭৭
ই-মেইল: dcmymensingh@mopa.gov.bd

জেলা প্রশাসক
ময়মনসিংহ এর ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

জেলা প্রশাসক
ময়মনসিংহ এর টেলিটক
পোর্টালে প্রবেশ
এর QR Code

নম্বর: ০৫.৪৫.৬১০০.০১৪.০১১.০০২.২৫- ২৬৭

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, ........................ জেলা।
০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৭। সিভিল সার্জন, ময়মনসিংহ।
০৮। উপ পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ রোড #১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
১১। পরিচালক, জেলা তথ্য অফিস, ময়মনসিংহ।
১২। উপজেলা নির্বাহী অফিসার............................, (সকল), ময়মনসিংহ।
১৩। সহকারী কমিশনার (ভূমি).............................. (সকল), ময়মনসিংহ।
১৪। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ (উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। অফিস কপি/মাস্টার ফাইল।

১১/০৫/২৬

জেলা প্রশাসক
ময়মনসিংহ